শেখ মুজিবের করা আইনেই অপরাধী শেখ হাসিনা: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

১৯৭৩ সালে শেখ মুজিবুর রহমানের করা আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) আইনের আওতায় শেখ হাসিনাকে পলাতক মানবতাবিরোধী অপরাধী হিসেবে উল্লেখ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। তাঁর ভাষ্য, এই আইনে দণ্ডিত ও বিচারাধীন মামলাগুলোর সাজা ভোগ না করে শেখ হাসিনার দেশে ফেরা বা পাসপোর্ট পাওয়ার সুযোগ নেই।

শনিবার (১৪ নভেম্বর) আওয়ামী লীগের সন্ত্রাস ও নৈরাজ্যের প্রতিবাদে ঢাকা মহানগর দক্ষিণ যুবদলের বিক্ষোভ মিছিল শেষে শাহবাগে সমাবেশে তিনি এসব কথা বলেন। জাতীয় প্রেসক্লাব থেকে মিছিলটি শুরু হয়।

রিজভী বলেন, শেখ হাসিনার দেশে ফেরার আকাঙ্ক্ষার প্রতিবাদেই এ কর্মসূচি। শেখ মুজিবুর রহমানের সমালোচনা করে তিনি অভিযোগ করেন, বাকশাল প্রতিষ্ঠার মাধ্যমে তিনিও ফ্যাসিবাদ কায়েম করেছিলেন।

আওয়ামী লীগ নেতাদের বিদেশে অবস্থান ও বিলাসী জীবনযাপনের অভিযোগ তুলে রিজভী বলেন, দলের নেতারা কলকাতা, ব্যাংকক ও সিঙ্গাপুরে থাকলেও দেশে তৃণমূলের কর্মীদের হাতে বোমা তুলে দেওয়া হচ্ছে। এসব কর্মকাণ্ডে বিএনপি ও যুবদলের নেতা-কর্মীদের ভয় দেখানো যাবে না বলেও মন্তব্য করেন তিনি।

গুম, খুন ও নির্যাতনের মধ্যেও নেতা-কর্মীরা আন্দোলন চালিয়ে গেছেন উল্লেখ করে রিজভী বলেন, ফ্যাসিবাদ প্রতিরোধে জাতীয়তাবাদী ও গণতান্ত্রিক শক্তি সারা দেশে রাজপথে প্রতিরোধ গড়ে তুলবে।

সমাবেশে ঢাকা মহানগর দক্ষিণ যুবদলের সদস্যসচিব রবিউল ইসলাম নয়ন, ছাত্রদলের সহসভাপতি ডা. তৌহিদুর রহমান আউয়ালসহ সংগঠনগুলোর বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।